মেহেরপুরের আমদহ ইউনিয়ন পরিষদে ওয়াচ গ্রুপের পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে বাৎসরিক কাজের অগ্রিগতি শেয়ারিং ও সংশোধিত পরিকল্পনা বিষয়ক পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ আমদহ ইউনিয়নের সভাপতি মোঃ ইসমাইল হোসেনের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

বিশেষ অতিথি ছিলেন পৌর কাউন্সিলর আব্দুর রহিম ও আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে প্রধান আলোচক আসাদুজ্জামান সেলিম তার বক্তব্যে বলেন সরকারের পাশাপাশি মউক ও গণসাক্ষরতা অভিযান মূলত মহান উদ্দেশ্য নিয়ে কাজ করছে। এসডিজি ৪- শিক্ষানীতি বাস্তবায়নে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা ও মান উন্নয়নের করণীয় বিষয়গুলো তুলে ধরতে গিয়ে বলেন বিদ্যালযের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত সহ শরীর চর্চা ও কিছু নীতি বাক্য জানা আবশ্যক শুধু তাই নয় পাঠ্য বইয়ের বাইরে ও শিক্ষা সহায়ক, শিক্ষাউপকরণ সামগ্রী ও আনন্দ বান্ধব পরিবেশের মধ্যে শিক্ষার্থীদের শিক্ষাদান পরিকল্পনা করার অনুরোধ করেন। বিশেষ করে ৩য় হতে ৫ম শ্রেণীর শিক্ষার্থী প্রত্যেক বিষয়ের ২/৪ টি বাক্য নিজের মত করে লিখতে পারবে এমন ভাবে পাঠদানের পরিকল্পনা করে তা বাস্তবে রুপ নেওয়ার ব্যবস্থা গ্রহন করতে হবে। পরিশেষে প্রতি বছর ৫%হারে ঐ দক্ষতার সংখ্যা বৃদ্ধি পাবে। সুতরাং বিদ্যালয়ের সঙ্গে জড়িত যারা আছি বা আছেন সকলের এ ব্যপারে সহায়তা করতে হবে। বিদ্যালয়ের পরিবেশ সাজসজ্জা ও শ্রেণী কক্ষগুলো শিশুদের আনন্দের সহায় হবে। তবে শিশুরা স্বানন্দে বিদ্যালয়ে আসতে আগ্রহী হবে।

ইউুপ সদস্য রেজাউল করিম বলেন এটা এক দিন সম্ভব নয় তবে ধাপে ধাপে পরিকল্পনা করে তা বাস্তবে রুপ দিতে হবে। তবে এক্ষেত্রে শিক্ষকের বড় ভূমিকা থাকতে হবে।

এ সময় আরো বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সহ সভাপতি মীর ফারুক হোসেন। এছাড়া অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের সূশীল সমাজের নাগরিক, ওয়াচ গ্রুপের সদস্য সহ আমদহ এবং আমঝুপি ইউনিয়নের জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।